অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 9/3/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির জন্য 200 মিলিয়ন মার্কিন ডলার তহবিল উপলভ্য থাকার ঘোষণা করলেন

স্টেটের দুটি স্বনামধন্য ডাউনটাউন পুনরুজ্জীবন এবং অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচি 151টি সম্প্রদায়কে 1.2 বিলিয়ন মার্কিন ডলার তহবিল প্রদান করেছে

DRI অথবা NY ফরোয়ার্ড তহবিল পেতে হলে, এলাকাগুলিকে আবেদন করার আগে একটি জমা করা ইচ্ছাপত্র থাকতে হবে অথবা প্রো-হাউজিং সার্টিফায়েড হতে হবে এবং বরাদ্দ ঘোষণার আগে সম্পূর্ণ সার্টিফায়েড হতে হবে

CFA পোর্টালের মাধ্যমে, আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ 7ই নভেম্বর, 2025 বিকাল 4:00 টা পর্যন্ত

গভর্নর Hochul (হোকল) আজকে ঘোষণা করেছেন যে স্টেটের দুইটি স্বনামধন্য ডাউনটাউন পুনরুজ্জীবন ও অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির মাধ্যমে 200 মিলিয়ন মার্কিন ডলার তহবিল উপলভ্য করা হয়েছে—ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগের (Downtown Revitalization Initiative, DRI) রাউন্ড 9 এবং ক্ষুদ্র এবং গ্রামীণ ডাউনটাউন পুনরুজ্জীবনের উদ্দেশ্যে কাজ করা NY ফরোয়ার্ড (NY Forward) এর রাউন্ড 4 উভয়েই 100 মিলিয়ন মার্কিন ডলার করে পাবে। একত্রে, কর্মসূচি দুইটি স্টেটের প্রতিটি অঞ্চলের 151টি সম্প্রদায়কে 1.2 বিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে। স্টেটের কনসোলিডেটেড ফান্ডিং আবেদন (Consolidated Funding Application, CFA) পোর্টালের মাধ্যমে এখন আবেদন করা যাবে। আবেদন করার শেষ তারিখ 7ই নভেম্বর, 2025 বিকাল 4:00 টা পর্যন্ত। নিউ ইয়র্ক সিটির সম্প্রদায়ের জন্য তাদের বরো প্রেসিডেন্টের অফিসে আবেদন জমা দেওয়ার শেষ তারিখ 31শে অক্টোবর, 2025।

“ব্যস্ত সিটির কেন্দ্রগুলি থেকে শুরু করে ছোট প্রত্যন্ত গ্রাম পর্যন্ত, প্রতিটি সম্প্রদায়েরই উন্নতির সুযোগ প্রয়োজন এবং প্রাপ্য,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচির মাধ্যমে, আমরা রূপান্তরমূলক বিনিয়োগ করছি যা কেবল আমাদের স্থানীয় অর্থনীতিকে শক্তিশালী করে না, বরং প্রজন্মের পর প্রজন্ম ধরে বসবাস, কাজ এবং খেলার জন্য প্রাণবন্ত, হাঁটার উপযোগী শহরতলিও তৈরি করে। এই নতুন তহবিল প্রদানের মাধ্যমে, আমরা 150টিরও বেশি সম্প্রদায়ের সাফল্যের উপর ভিত্তি করে গড়ে তোলার কাজ চালিয়ে যাচ্ছি যারা ইতিমধ্যেই তাদের পুনরুজ্জীবনের দৃষ্টিভঙ্গিকে বাস্তবে রূপান্তরিত করার জন্য কাজ করছে।"

নিউ ইয়র্ক সেক্রেটারি অব স্টেট Walter T. Mosley (ওয়াল্টার টি. মোসলে) বলেন, "ডাউনটাউন পুনরুজ্জীবন উদ্যোগ এবং NY ফরোয়ার্ড কর্মসূচিগুলি সম্প্রদায়গুলিকে তাদের ভবিষ্যত পুনর্কল্পনা করার এবং ফলপ্রসূ পরিবর্তন আনার জন্য প্রয়োজনীয় সরঞ্জাম এবং সংস্থান প্রদান করে। সম্প্রদায়ের দ্বারা এবং সম্প্রদায়ের জন্য বিচক্ষণ পরিকল্পনার সাথে উল্লেখযোগ্য বিনিয়োগের সমন্বয়ের মাধ্যমে, এই কর্মসূচিগুলি বাস্তব ফলাফল প্রদান করে যা বাসিন্দাদের জীবনযাত্রার মান উন্নত করে, নতুন ব্যবসাগুলিকে আকর্ষণ করে এবং আরও বেসরকারি বিনিয়োগকে উৎসাহিত করে। আমরা সকল সম্প্রদায়কে, তা যত ছোটই হোক না কেন, আবেদন করতে উৎসাহিত করি, যাতে আমরা তাদের স্বপ্নকে বাস্তব রূপদান করতে পারি।"

স্টেট অর্থবছর 2025 সালের প্রণীত বাজেটে, গভর্নর Hochul (হোকল) শহর, শহরতলী এবং গ্রামের DRI এবং NY ফরোয়ার্ড সহ স্টেটের বিবেচনামূলক কর্মসূচিগুলিতে 650 মিলিয়ন ডলার পর্যন্ত অ্যাক্সেসের জন্য "প্রো-হাউজিং কমিউনিটি (Pro-Housing Community)" উপাধিকে একটি আবশ্যিকতা করেছেন। সার্টিফাইড এলাকাগুলি স্টেট তহবিলের 750 মিলিয়ন ডলার পর্যন্ত একচেটিয়া প্রবেশাধিকার পাবে, যার মধ্যে রয়েছে পয়ঃনিষ্কাশন এবং জল সংক্রান্ত অবকাঠামোর উন্নয়নের মতো নতুন আবাসন তৈরির জন্য প্রয়োজনীয় গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্পগুলিতে সহায়তা করার জন্য গভর্নর Hochul (হোকল) এর তৈরি করা 100 মিলিয়ন ডলারের প্রো-হাউজিং সাপ্লাই ফান্ড (Pro-Housing Supply fund)। আজ পর্যন্ত, স্টেটের 350টিরও বেশি পৌরসভা প্রো-হাউজিং সার্টিফায়েড হয়েছে।

এম্পায়ার স্টেট ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট, মুখ্য নির্বাহী কর্মকর্তা এবং কমিশনার Hope Knight (হোপ নাইট) বলেন, "স্টেটজুড়ে সিটি ও টাউনের কেন্দ্রগুলিকে পুনরুজ্জীবিত করার জন্য গভর্নর Hochul (হোকল) এর চলমান প্রচেষ্টায় ডাউনটাউন পুনরুজ্জীবন এবং NY ফরোয়ার্ড উদ্যোগ অপরিহার্য। এই লক্ষ্যযুক্ত বিনিয়োগের সর্বশেষ রাউন্ডটি উচ্চমানের, সম্প্রদায়-চালিত প্রকল্পগুলিকে সমর্থন করবে যা ছোট ব্যবসাগুলিকে উপকৃত করবে, অর্থনৈতিক প্রবৃদ্ধিকে উৎসাহিত করবে এবং আরও প্রাণবন্ত শহরতলির সৃষ্টি করবে যেখানে সাধারণ মানুষ আগামী প্রজন্মের জন্য বসবাস, কাজ এবং খেলাধুলা করতে চাইবেন।"

নিউ ইয়র্ক স্টেট হোমস অ্যান্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal, HCR) কমিশনার RuthAnne Visnauskas (রুথঅ্যান ভিসনাউসকাস) বলেন, "আমি নিউ ইয়র্কের গুরুত্বপূর্ণ অর্থনৈতিক উন্নয়ন কর্মসূচির মাধ্যমে উপলব্ধ 200 মিলিয়ন ডলারের জন্য যারা যোগ্য তাদের সকলকে আবেদন করার অনুরোধ করছি। আবাসন এবং সুষম, বিচক্ষণ প্রবৃদ্ধির প্রতি প্রতিশ্রুতিবদ্ধ সম্প্রদায়গুলিতে সরাসরি DRI এবং NY ফরোয়ার্ড সংস্থানে প্রবেশ করিয়ে, গভর্নর Hochul (হোকল) একটি নতুন প্রজন্মের উন্নয়নের দ্বার উন্মোচন করেছেন যা ভবিষ্যতে এই প্রো-হাউজিং সম্প্রদায়, তাদের ব্যবসা, মূল সড়ক এবং বাসিন্দাদের উপকার করবে। এই যুগান্তকারী কর্মসূচিতে HCR যে ভূমিকা পালন করছে তাতে আমি গর্বিত এবং জানি যে, আমাদের অংশীদারদের সাথে আমরা স্টেট জুড়ে সিটি, টাউন এবং গ্রামে উপকারী এবং ক্রমবর্ধমান পরিবর্তনে সহায়তা করব।"

নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority) এর ভারপ্রাপ্ত প্রেসিডেন্ট ও প্রধান

নির্বাহী কর্মকর্তা Doreen M. Harris (ডোরিন এম. হ্যারিস) বলেন, "স্টেট জুড়ে ডাউনটাউন শহর ও গ্রামীণ সম্প্রদায়গুলিকে পুনরুজ্জীবিত করা হল পুরাতন ভবনগুলিকে আধুনিক, শক্তি-সাশ্রয়ী এবং আরামদায়ক মিশ্র-ব্যবহারের স্থান এবং আবাসনে রূপান্তরিত করার একটি সুযোগ। নিউ ইয়র্কের প্রাণবন্ত, হাঁটার উপযোগী এলাকা গঠনের পাশাপাশি স্বাস্থ্যকর জীবনধারা গড়ে তোলা এবং দীর্ঘমেয়াদী অর্থনৈতিক প্রবৃদ্ধির জন্য একটি শক্ত ভিত্তি স্থাপনের এই গুরুত্বপূর্ণ প্রচেষ্টায় অবদান রাখতে পেরে NYSERDA গর্বিত।"

ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ (Downtown Revitalization Initiative)
কর্মকাণ্ডের কেন্দ্র হিসেবে এবং বর্ধিত স্থানীয় বিনিয়োগের অনুঘটক হিসেবে কাজ করার জন্য স্টেটের দশটি অঞ্চলের প্রতিটিতে ডাউনটাউন ও এলাকার পুনরুজ্জীবনকে ত্বরান্বিত ও বলীয়ান করতে 2016 সালে ডাউনটাউন পুনরুজ্জীবিতকরণ উদ্যোগ শুরু করা হয়েছিল। ডিপার্টমেন্ট অফ স্টেটের (Department of State, DOS) নেতৃত্বে DRI সম্প্রদায়সমূহ হাউজিং ও কমিউনিটি রিনিউয়াল বিভাগ (Department of Housing and Community Renewal, HCR), এম্পায়ার স্টেট ডেভেলপমেন্ট (Empire State Development, ESD) এবং নিউ ইয়র্ক স্টেট শক্তি গবেষণা ও বিকাশ কর্তৃপক্ষের (New York State Energy Research & Development Authority, NYSERDA) অংশীদারিত্ব ও তাদের প্রদত্ত সমন্বিত কারিগরি সহায়তার দ্বারা লাভবান হয়। DRI একটি নজিরবিহীন উদ্ভাবনী "পরিকল্পনার-পর-পদক্ষেপ" কৌশল ব্যবহার করে এবং কৌশলী পরিকল্পনাকে তাৎক্ষণিক এবং চলমান বাস্তবায়নের সাথে জোটবদ্ধ করে। DRI রাউন্ড 9 এর জন্য, একই আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদ (Regional Econocmic Develpment Council, REDC) অঞ্চলে একক ঐক্যবদ্ধ ভিশনসম্পন্ন দুই বা তিনটি পাশাপাশি সম্প্রদায়ের থেকে যৌথ আবেদন গ্রহণ করা হবে।

এখন পর্যন্ত, DRI তার প্রথম আটটি রাউন্ডে 91টি সম্প্রদায়কে মোট 900 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে এবং 4,500 এর বেশি নতুন আবাসন ইউনিট তৈরিতে বিনিয়োগ করেছে। পুনরুজ্জীবন ত্বরান্বিত হওয়া এবং প্রকল্পের কাজ শেষ হওয়ার সাথে সাথে DRI এর বিনিয়োগ করা প্রতি মার্কিন ডলার অতিরিক্ত 3 মার্কিন ডলার বিনিয়োগ সৃষ্টি করে বলে অনুমান করা হয়। DRI এবং NY ফরোয়ার্ড সম্প্রদায়সমূহ তাদের সকল প্রকল্পের কাজ শেষ করার অনেক দিন পর পর্যন্ত এই অনুঘটকের প্রভাব থেকে যাবে।

NY ফরোয়ার্ড
প্রথম 2022 সালের বাজেটের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) DRI এর সাফল্যের উপর ভিত্তি করে NY ফরোয়ার্ড কর্মসূচি তৈরি করেন। এই উদ্ভাবনী নতুন প্রোগ্রাম, যা এই বছরের প্রণীত রাজ্য বাজেটে 100 মিলিয়ন ডলারের মাধ্যমে অর্থায়ন করা হয়েছে, নিউ ইয়র্কের ছোট এবং গ্রামীণ জনগোষ্ঠীর জন্য একটি আরও ন্যায়সঙ্গত ডাউনটাউন পুনরুদ্ধারকে সমর্থন করবে গ্রামগুলিতে নজর কেন্দ্রীভূত করে। NY ফরোয়ার্ড এর উদ্দেশ্য হলো ক্ষুদ্রতর সম্প্রদায়সমূহকে সেবাদান করা এবং স্থানীয় অর্থনীতিকে সমর্থন করা যাদের প্রায়শই এমন একটি অনুভূতি ও আকর্ষণ থাকে যা DRI এর মাধ্যমে অর্থায়িত বৃহত্তর, মেট্রোপলিটন শহুরে কেন্দ্র থেকে স্বতন্ত্র। আজ পর্যন্ত, NY ফরোয়ার্ড, তার তিনটি রাউন্ডে 60টি সম্প্রদায়কে 300 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করেছে।

DRI এর মতো, DOS এবং নির্ধারিত একজন কনসালটেন্ট NY ফরোয়ার্ড সম্প্রদায়ের সাথে কাজ করে একটি পরিকল্পনা ও কারিগরি সহায়তা প্রক্রিয়ার মাধ্যমে সহজে বাস্তবায়নযোগ্য একাধিক প্রকল্পের নকশা তৈরি করবে। তবে সম্প্রদায়সমূহকে তাদের সম্পূর্ণ আবেদন তৈরি করতে এবং বাস্তবায়নের পুরো প্রক্রিয়ায় সহায়তা করার জন্য কনসালটেন্ট প্রদত্ত এক-এক কারিগরি সহায়তার কারণে NY ফরোয়ার্ড ভিন্ন। NY ফরোয়ার্ড প্রত্যেক অঞ্চলে দুইটি প্রাপককে 4.5 মিলিয়ন মার্কিন ডলার করে প্রদান করে। নিউ ইয়র্ক সিটির এলাকাসমূহের মাত্রা ও ঘনত্ব উপলব্ধি করে নিউ ইয়র্ক সিটি NY ফরোয়ার্ড তহবিলকে NYC DRI তহবিলের সাথে মিলিত করে একক 20 মিলিয়ন মার্কিন ডলার DRI অর্থ প্রদানের অনুমতি প্রদান করা হয়েছে।

একটি শিক্ষামূলক ব্রোশারে DRI এবং NY ফরোয়ার্ডের মধ্যকার মিল ও অমিল আরো ভালোভাবে বর্ণিত আছে, যা DRI এবং NY ফরোয়ার্ডের ওয়েবসাইটে উপলভ্য আছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন